



১৫  
২৪/০১/২০২৩  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
১১-১২ তলা, বিনিয়োগ ভবন, ই-৬/বি  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)

স্মারক নং: ০৩.১৪.২৬৯২.৮৭৬.৯৯.০১০.২৩-৭৭

তারিখ: ১৫. ০১. ২০২৩ খ্রি.

বিষয়: 'রচনা প্রতিযোগিতা ২০২৩' এর প্রচার ও প্রচারণার লক্ষ্যে পোস্টার প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার ভিত্তিতে দক্ষ মানবসম্পদ তৈরির নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর আলোকে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) গঠিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় এনএসডিএ দক্ষ মানবসম্পদ তৈরিতে কাজ করছে।

এনএসডিএ-এর কর্মপরিকল্পনার অন্যতম একটি অনুষ্ঠান হচ্ছে এর কার্যক্রমের প্রচার-প্রচারণা। এ লক্ষ্যকে সামনে রেখে এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় 'রচনা প্রতিযোগিতা ২০২৩' এর মাধ্যমে তরুণ-তরুণীদের দক্ষতা প্রশিক্ষণে উদ্বুদ্ধ করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ রচনা প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন করাসহ জেলা ও উপজেলা পর্যায়ে এনএসডিএ-এর কার্যক্রম বাস্তবায়নে জেলা প্রশাসনের ভূমিকা অনস্বীকার্য। 'রচনা প্রতিযোগিতা ২০২৩' এর বিষয়টি প্রতিটি জেলা এবং উপজেলায় বিশেষ করে স্কুল-কলেজে বহুল প্রচারের লক্ষ্যে পোস্টার মুদ্রণ করা হয়েছে। উল্লিখিত দুই ধরনের পোস্টারের ... কপি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

জেলা প্রশাসক

১২/০১/২৩

১৫/০১/২৩

(মোঃ সানিউল ফেরদৌস)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: +৮৮০২৪৪৮২৬৭০৮

dd.admin@nstda.gov.bd

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। প্রকল্প পরিচালক, এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্প।

২। নির্বাহী চেয়ারম্যান (সচিব) এর একান্ত সচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ। [নির্বাহী চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]